

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৪.১৪.০০৮.১৫ (অংশ-৩)-১৭২

তারিখ: ২৯ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জন্য প্রস্তাবিত “Establishing Digital Connectivity” শীর্ষক প্রকল্পের মাধ্যমে দেশের ২১টি স্থানে POI (Point Of Interconnects) স্থাপনের লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে অবস্থিত বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর অফিস সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “ডিজিটাল বাংলাদেশ” বাস্তবায়নের লক্ষ্যে, সারাদেশে উচ্চগতির সংযোগ স্থাপন কার্যক্রমের আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সারা দেশে প্রায় ২,০০,০০০ (দুই লক্ষ) প্রান্তিক পর্যায়ে দপ্তর/প্রতিষ্ঠানে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে সংযোগ সম্প্রসারণকল্পে “Establishing Digital Connectivity” (EDC) শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পটির সফল বাস্তবায়নের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে শিক্ষা-প্রতিষ্ঠানসহ সরকারি দপ্তর/সেবাদান কেন্দ্রসমূহ মূল নেটওয়ার্কের সাথে যুক্ত হবে। এছাড়াও প্রান্তিক পর্যায়ে ইন্টারনেট সংযোগ সহজলভ্য হবে যা সকল ক্ষেত্রে আইসিটি ব্যবহারের অব্যাহত সুযোগ সৃষ্টি করবে।

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত EDC প্রকল্পের মাধ্যমে দেশের ২১টি স্থানে Co-Location সুবিধা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। যার মধ্যে Mini Data Center সুবিধাসমূহ ট্রান্সমিশন সুবিধা অন্তর্ভুক্ত রয়েছে। International Internet Gateway (IIG) অপারেটরগণ Co-Location সুবিধা গ্রহণ করে তাদের প্রয়োজনীয় যন্ত্রাদি স্থাপন করবে এবং কম মূল্যে ইন্টারনেট ব্যান্ডউইথ Internet Service Provider (ISP) দের নিকট বিক্রয় করবে। ফলে তৃণমূল পর্যায়ে কম মূল্যে ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ করা সম্ভব হবে।

৩। গত ০৫/১১/২০১৮খ্রি. তারিখে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড এর সভাপতিত্বে তাঁর সভাকক্ষে বর্ণিত বিষয়ে একটি অনানুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল) মহোদয় আইসিটি অধিদপ্তরের অনুকূলে সর্বোচ্চ ১০ কাঠা জমি বিক্রয়ের বিষয়ে সম্মতি প্রদান করেছেন।

৪। এমতাবস্থায়, দেশের ২১টি স্থানে POI (Point Of Interconnects) স্থাপনের লক্ষ্যে সংযুক্ত তালিকা মোতাবেক জেলা/উপজেলা পর্যায়ে অবস্থিত বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর অফিস সরেজমিন পরিদর্শন করে সংযুক্ত তথ্য ছক অনুযায়ী সফট কপি (doc and pdf), wadudpdoict@gmail.com ও bmbelal11@gmail.com ই-মেইল ঠিকানায় আগামী ২২/১১/২০১৮ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। বর্ণনামতে ২১টি স্থানে POI স্থাপনের এর তালিকা ০১ (এক) পাতা।

২। বর্ণনামতে তথ্য ছক ০১ (এক) পাতা।


13.11.2018

(মোঃ ওয়াদুদুর রহমান)
(প্রোগ্রামার)

ফোনঃ ০২-৮১৮১০২১ (অফিস)

ই-মেইলঃ wadud.p@doict.gov.bd

সহকারী প্রোগ্রামারঃ (সৈয়দপুর উপজেলা, নীলফামারী/ পীরগঞ্জ উপজেলা, রংপুর/ নওগাঁ সদর /বগুড়া সদর /ঈশ্বরদী উপজেলা, পাবনা /সিরাজগঞ্জ সদর /যশোর সদর /ময়মনসিংহ সদর /টাঙ্গাইল সদর /মুন্সিগঞ্জ সদর /কুমিল্লা সদর /খুলনা সদর /ব্রাহ্মণবাড়িয়া সদর/সিলেট সদর /ফরিদপুর সদর /বরিশাল সদর /পটুয়াখালী সদর / বেগমগঞ্জ উপজেলা, নোয়াখালী /চট্টগ্রাম সদর /রাঙামাটি সদর /কক্সবাজার সদর)

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড, ৩৭/ই-ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০,
(প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।

২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালকে মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি।

POI স্থাপনের জন্য প্রস্তাবিত ২১টি স্থান

ক্রঃ	জেলার নাম	উপজেলার নাম (POI স্থাপনের জন্য প্রস্তাবিত ২১টি স্থান)
১	নীলফামারী	সৈয়দপুর
২	রংপুর	গীরগঞ্জ
৩	নওগাঁ	নওগাঁ সদর
৪	বগুড়া	বগুড়া সদর
৫	পাবনা	ঈশ্বরদী
৬	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর
৭	যশোর	যশোর সদর
৮	ময়মনসিংহ	ময়মনসিংহ সদর
৯	টাঙ্গাইল	টাঙ্গাইল সদর
১০	মুন্সিগঞ্জ	মুন্সিগঞ্জ সদর
১১	কুমিল্লা	কুমিল্লা সদর
১২	খুলনা	খুলনা সদর
১৩	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া সদর
১৪	সিলেট	সিলেট সদর
১৫	ফরিদপুর	ফরিদপুর সদর
১৬	বরিশাল	বরিশাল সদর
১৭	পটুয়াখালী	পটুয়াখালী সদর
১৮	নোয়াখালী	বেগমগঞ্জ
১৯	চট্টগ্রাম	চট্টগ্রাম সদর
২০	রাঙামাটি	রাঙামাটি সদর
২১	কক্সবাজার	কক্সবাজার সদর

তথ্য ছক

উপজেলা:

জেলা:

বিভাগ:

বিটিসিএল এর অফিসের ঠিকানা:

মৌজার নাম:

জমির দাগ নম্বর:

জমির পরিমাণ:

মৌজা ম্যাপ:

জমির বিবরণ:

রাস্তা হতে জমির দুরত্ব:

জমির পারিপার্শ্বিক অবস্থা:

উপর ছাদ থেকে ছবি (JPEG)

জমির পারিপার্শ্বিক ছবি (JPEG) জমি হতে চার দিকে:

রাস্তা হতে জমির ছবি (JPEG):

জমির অবস্থান বোঝার জন্য অন্য যে কোন ছবি (JPEG):

Google map co-ordinate (লিংক):

বি.দ্রঃ- সরেজমিন পরিদর্শন করে উল্লিখিত তথ্য সংগ্রহ করুন এবং জমির ছবিগুলি Caption সহ ই-মেইলে সংযুক্ত করুন।

৩